সমকাল

তারিখ ... 25 NOV 2016 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

# ফরম পূরণের ফি না কমানোয় গফরগাঁও কলেজে হামলা

■ **গফরগাঁও (ময়মনসিংহ) প্রতিনিধি**
গফরগাঁও সরকারি কলেজে ডিগ্রি (পাস) পরীক্ষার ফরম পূরণের টাকা, কমাতে রাজি না হওয়ায় ছাত্রলীগের নেতাকর্মী ও সাধারণ শিক্ষার্থীরা কলেজে হামলা ও ভাংচুর চালিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় এক ছাত্রী ও চতুর্থ শ্রেণির এক কর্মচারী আহত এবং দুই শিক্ষক লাঞ্ছিত হন। বৃহস্পতিবার দুপুরে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও কলেজ সূত্রে জানা যায়, সেশন ফি ও বকেয়া মাসিক বেতন বাদ দিয়ে ডিগ্রি (পাস) দ্বিতীয় বর্ষ পরীক্ষার ফরম পূরণের জন্য ছাত্রলীগের নেতৃবৃন্দ কলেজ কর্তৃপক্ষের কাছে দাবি জানান। দাবি পূরণ না হওয়ায় বৃহস্পতিবার দুপুরে ছাত্রলীগের শতাধিক নেতাকর্মী কলেজ ক্যাম্পাসে মিছিল বের করে। এক পর্যায়ে কলেজ অধ্যক্ষের কার্যালয়, অনার্স ভবন ও ক্যাশ কাউন্টারে হামলা চালিয়ে ভাংচুর করে। হামলায় শিক্ষার্থী স্মৃতি আক্তার ও চতুর্থ শ্রেণির কর্মচারী হামিদা আহত হন। এ ছাড়া কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক হাবিবুর রহমান ও ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক কাজি জাকিয়া ফৈরদৌসীকে ছাত্রলীগ নেতাকর্মীরা ধাক্কা দিয়ে মাটিতে ফেলে দেয়। খবর পেয়ে থানা পুলিশ কলেজ ক্যাম্পাসে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

কলেজের অধ্যক্ষ প্রফেসর আমির হোসেন বলেন, বকেয়া বেতন ও সেশন ফি বাদ দিয়ে ফরম পূরণের কোনো সুযোগ নেই। অযৌক্তিক দাবি মেনে না নেওয়ায় ছাত্রলীগের নেতাকর্মীরা কলেজের প্রশাসনিক ও অনার্স ভবনে হামলা চালিয়ে ভাংচুর ও ইটপাটকেল নিক্ষেপ করে।

এদিকে এ ঘটনার বিচারের দাবিতে বৃহস্পতিবার বিকেল ৩টায় কলেজের শিক্ষক পরিষদ এক জরুরি সভা করে। এ ঘটনার পর থেকে কলেজ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে। উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক শরীফুল ইসলাম মণ্ডল বলেন, কলেজে শিক্ষার্থী ও পরীক্ষার্থীরা ফরম পূরণের টাকা কমানোর দাবি জানায়।